

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪৪

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض) পরিচ্ছেদঃ ৪৫. জার্য (যিনার) সন্তানের মীরাছ

باب فِي مِيرَاثِ وَلَدِ الزِّنَا

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي بَكْرُ بْنُ مُضَرَ عَنْ عَمْرِهِ يَعْنِي ابْنَ الْحَارِثِ عَنْ بُكَيْرٍ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ قَالَ أَيُّمَا رَجُلٍ أَتَى إِلَى غُلَامٍ يَزْعُمُ أَنَّهُ ابْنُ لَهُ وَأَنَّهُ زَنَى بِأُمِّهِ وَلَمْ يَدَّعِ ذَلِكَ الْغُلَامَ أَحَدٌ فَهُو يَرِثُهُ قَالَ بُكَيْرٌ وَسَأَلْتُ عُرْوَةَ عَنْ ذَلِكَ فَقَالَ مِثْلَ قَوْلِ سُلَيْمَانَ يُدَّعِ ذَلِكَ الْغُلَامَ أَحَدٌ فَهُو يَرِثُهُ قَالَ بُكَيْرٌ وَسَأَلْتُ عُرُوةَ عَنْ ذَلِكَ فَقَالَ مِثْلَ قَوْلِ سُلَيْمَانَ بن يَسَارٍ وَقَالَ عُرُوةُ بَلَغَنَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْوَلَدُ لِلْفِرَاشِ وَلِلْعَاهِرِ الْحَجَرُ

বাংলা

৩১৪৪. বুকাইর হতে বর্ণিত, সুলাইমান ইবনু ইয়াসার (রহঃ) বলেন, যেকোন লোক কোন বালকের নিকট এসে তাকে তার নিজের সন্তান বলে ধারণা করে, কেননা, সে এর মায়ের সাথে যিনা করেছিল; এবং এ বালককে অপর কেউ তার নিজের সন্তান বলে দাবীও না করে, তবে এ ছেলে সেই লোকের ওয়ারিস হবে।

বুকাইর বলেন, আমি এ ব্যাপারে উরওয়া (রহঃ) কে জিজ্ঞাসা করেছিলাম। তখন তিনিও সুলাইমান ইবনু ইয়াসার-এর অনুরূপ কথা বলেন।আর উরওয়া বলেন, আমাদের নিকট বর্ণনা করা হয়েছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "সন্তান বিছানার মালিকের, আর যেনাকারীর জন্য রয়েছে পাথর।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ আব্দুল্লাহ ইবনু সালিহের দুর্বলতার কারণে, তিনি লাইছের কাতিব ছিলেন । তবে মারফু' (রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর বাণীর) অংশটুকু সহীহ।

তাখরীজ : (মারফু' হাদীসটির) তাখরীজ দেখুন মুসনাদুল মাউসিলী নং ৫১৪৮, ৭৩৯০ তে।



আর এখানে ব্যতীত আমি এটি আর কোথাও পাইনি।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বুকায়র ইবন আব্দুল্লাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন